# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৫৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাম

## আরবী

عَن زيدِ بن ثابتٍ
قَالَ: دَخَلْتُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَبَيْنَ يَدَيْهِ كَاتِبٌ فَسَمِعْتُهُ يَقُولُ: ضَعِ الْقَلَمَ عَلَى أُذُنِكَ فَإِنَّهُ أَذْكَرُ لِلْمَآلِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَفِي إِسْنَادِهِ ضعفٌ

## বাংলা

৪৬৫৮-[৩১] যায়দ ইবনু সাবিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে উপস্থিত হলাম। তখন তাঁর সম্মুখে একজন কাতিব (লেখক) ছিল। আমি তাঁকে লেখকের উদ্দেশে বলতে শুনেছি, ’’কলমটি কানের উপর রাখো। কেননা এরূপ করলে প্রয়োজনীয় কথা বা উদ্দেশ্য স্মরণ হয়’’। [তিরমিযী; আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ এ হাদীসটি গরীব ও সানাদ দুর্বল।][1]

## ফুটনোট

[1] মাওযূ‘ : তিরমিযী ২৭১৪, সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ৮৬৫, য‘ঈফ আল জামি‘উস্ সগীর ৩৫৮৮।

হাদীসটি মাওযূ‘ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘আমবাসাহ্ ইবনু ‘আবদুর রাহমান আল উমাবী’’ নামের বর্ণনাকারী, যে হাদীস জাল করত এবং ‘‘মুহাম্মাদ’’ নামের বর্ণনাকারীও য‘ঈফ। দেখুন- য‘ঈফাহ্ ৮৬১।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ এখানে ‘লেখক’ বলতে রূপক লেখক উদ্দেশ্য। যিনি তার কথাকে রচনা করতে বিলম্ব হলে তখন তিনি তার কলমকে কানে রাখবেন। কারণ এটা লেখকের উদ্দিষ্ট কথা স্মরণ করতে অধিক দ্রুত মাধ্যম। হাতে কলম থাকলে লেখক অল্প চিন্তা করেই তার কথাকে লিখতে উৎসাহী হবে। ফলে তার কথাগুলো সুন্দর গোছালো হবে না। আবার কলমকে মাটিতে রেখে দিলে এটা যেন লেখা থেকে অবসর গ্রহণের মতো। এতে তার এ চিন্তা না করে বসে থাকবে। কারী (রহিমাহুল্লাহ) বলেনঃ এর অর্থ হলো প্রয়োজনে কানের উপরে কলম রাখা স্মরণের

অধিক নিকটবর্তী এবং তা অর্জনের জন্য সর্বাধিক সহজ স্থান। যেটা অন্য স্থানে রাখলে এরূপ হয় না। কারণ কখনো কখনো তার নিকটে সেটা বিনা কষ্টে দ্রুত লাভ করা কঠিন হয়ে পড়ে। (তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৭১৪)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75382

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন